

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৪২

খোয়াই, ২৯ অক্টোবর, ২০২৪

বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের শীতকালীন সজ্জি চাষে সহায়তা

খোয়াই জেলার বিভিন্ন কৃষি মহকুমায় সাম্প্রতিক বন্যায় ৮,১১৫ জন ক্ষতিগ্রস্ত কৃষককে শীতকালীন সজ্জি চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের ফুলকপি, বাধাকপি, গাজর, টমেটো ও বেগুন চাষে সহায়তা দেওয়া হয়। প্রত্যেক কৃষককে ১ হাজার টাকার সজ্জি বীজ দেওয়া হয়েছে। এতে জেলার খোয়াই কৃষি মহকুমায় ১,০২৭ জন, পদুবিল কৃষি মহকুমায় ২৬৩ জন, তুলাশিখর কৃষি মহকুমায় ২৪৬ জন, কল্যাণপুর কৃষি মহকুমায় ২,৬৫৬ জন, তেলিয়ামুড়া কৃষি মহকুমায় ৩,১৬২ জন ও মুঙ্গিয়াকামি কৃষি মহকুমায় ৭৬১ জন ক্ষতিগ্রস্ত কৃষক উপকৃত হয়েছেন। জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের উপঅধিকর্তা সাবেন্দ্র দেববর্মা এ সংবাদ জানিয়েছেন।
